

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪০১৪  
মোহনপুর, ০৪ নভেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা  
মোহনপুরের তুলাবাগানে প্রশাসনিক শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে মোহনপুর পুরপরিষদের উদ্যোগে সম্প্রতি এক প্রশাসনিক ও স্বাস্থ্য শিবিরে অনুষ্ঠিত হয়। তুলাবাগানের কৃষ্ণমন্দিরে অনুষ্ঠিত এই শিবিরে উপস্থিত ছিলেন মোহনপুর পুর পরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ, ভাইস চেয়ারপার্সন শংকর দেব, কাউন্সিলারগণ, মোহনপুর পুর পরিষদের উপমুখ্যকার্যনিবাহী আধিকারিক বাপ্পাদিত্য রায় ভৌমিক প্রমুখ। শিবিরে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ৫১ জনকে পিআরটিসি, ৩২ জনকে ওবিসি, ২ জনকে ম্যারেজ এবং ৭৬ জনকে ইনকাম সার্টিফিকেট দেওয়া হয়। তাছাড়া ৪২ জনের নতুন आधारকার্ড তৈরী ও সংশোধন, ২টি জন্ম ও মৃত্যুর সার্টিফিকেট, ১ জনকে ট্রেড লাইসেন্স, ৮ জনকে আয়ুস্মানকার্ড দেওয়া হয়। প্রধানমন্ত্রী মাত্র বন্দনা যোজনার জন্য ৬টি, নির্মাণ শ্রমিক কল্যাণ প্রকল্পে এবং ই-শ্রম প্রকল্পের সুবিধা লাভের জন্য ৭ জনের কাছ থেকে আবেদনপত্র জমা নেওয়া হয়। শিবিরে প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে ২৬টি পশু-পাখির জন্য বিনামূল্যে ঔষধ বিতরণ করা হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ৩৬ জনকে চিকিৎসা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয়। এছাড়া বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের সুযোগ গ্রহণ করার জন্য জনগণকে সচেতন করা হয়।

\*\*\*\*\*